

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৬৩

সোনামুড়া, ৩০ অক্টোবর, ২০২৪

সোনামুড়া মহকুমায় সচিত্র ভোটার তালিকা সংশোধনে বিএলওদের প্রশিক্ষণ

সোনামুড়া মহকুমায় সচিত্র ভোটার তালিকা সংশোধনের কাজে নিযুক্ত বিএলওদের নিয়ে এক দিনের প্রশিক্ষণ শিবির সম্প্রতি সোনামুড়া টাউনহলে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবিরে বিএলও-দের প্রশিক্ষণ দেন সোনামুড়া মহকুমা শাসক কার্যালয়ের ডেপুটি কালেক্টর ও ম্যাজিস্ট্রেট অনামিকা দেববর্মা এবং ইলেকশন ইনসপেক্টর উত্তম কুমার দেব। উপস্থিত ছিলেন সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মহেন্দ্র কাসে চাকমা। প্রশিক্ষণ শিবিরে মহকুমা শাসক মহেন্দ্র কাসে চাকমা জানান, ভোটার তালিকায় নাম নথিভুক্তকরণ অথবা ভোটার তালিকা সংশোধনের ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে বিএলওদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়। মহকুমা এলাকার ভোটার তালিকার এই বিশেষ সংশোধনের প্রক্রিয়া চলবে ২৯ অক্টোবর থেকে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত। উল্লেখ্য, প্রশিক্ষণ শিবিরে ২০-বক্সনগর, ২১-নলছড় (এসসি), ২২-সোনামুড়া এবং ২৩-ধনপুর বিধানসভা এলাকার বিএলওগণ অংশ নেন।
